আজকের কাগজ

তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৪

# ঢাবিতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে ছাত্রনেতাদের অঙ্গীকার

গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারি প্রক্টররাও উপস্থিত ছিলেন। সভায় বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ ছাত্রলীগ (শা-প্র), বাংলাদেশ ছাত্রলীগ (কা-চু), বাংলাদেশ ছাত্র মৈত্রী, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ ছাত্র সমিতি, বাংলাদেশ ছাত্র ঐক্য ফোরাম, জাতীয় ছাত্রলীগ, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, বাংলাদেশ ছাত্রলীগ (বাসদ), গণতান্ত্রিক ছাত্রলীগ প্রভৃতি সংগঠনের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। সভায় ছাত্রনেতারা বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ সুষ্ঠু ও স্বাভাবিক রাখার লক্ষ্যে সংগঠনসমূহ ইতিবাচক ভূমিকা পালন করবে এ অঙ্গীকার ব্যক্ত করেন। সভায় ছাত্রনেতারা নিম্নলিখিত বিষয়ে ঐকমত্য পোষণ করেন যে, বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখা এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্যে সকল সংগঠন কার্যকর ভূমিকা ও পদক্ষেপ গ্রহণ করবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসহ সামগ্রিক ক্যাম্পাসে কোনো বহিরাগত, অছাত্র, অবৈধ অস্ত্রধারী মাস্তান ও সন্ত্রাসিদের আনাগোনা বন্ধ করার জন্যে সকল ছাত্র সংগঠন কার্যকর ভূমিকা পালন করবে। এবং ক্যাম্পাসে যদি কোনো অবাঞ্ছিত ও অপ্রীতিকর ঘটনা ঘটে সে ক্ষেত্রে ছাত্রনেতারা পারস্পরিক আলোচনার মাধ্যমে তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ করবে। খবর বিজ্ঞপ্তি।